





# পর্তুগালের ড্রয়ে বিশ্বকাপের মাঝে র‍্যাংকিংয়ে উন্নতি ব্রাজিলের

ক্রীড়া ডেস্ক

গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোর সঙ্গে ড্র করার পর পর্তুগালকে পেছনে ফেলে দিয়েছে ব্রাজিল ও মরক্কো। বিশ্বকাপে পর্তুগালের ম্যাচের ফলাফলের সুবাদে, কোনো ম্যাচ না খেলেও ব্রাজিল ফিফা র‍্যাংকিংয়ে উপরে উঠে এসেছে। ব্রাজিল র‍্যাংকিংয়ে পর্তুগালকে পেছনে ফেলে পঞ্চম স্থানে উঠে এসেছে। তাদের আগে রয়েছে কেবল আর্জেন্টিনা, ফ্রান্স, স্পেন এবং ইংল্যান্ড। যুক্তরাষ্ট্রের হিউস্টনে গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোর সাথে ১-১ গোলে ড্র করার পর পর্তুগিজ দলটি র‍্যাংকিংয়ে পিছিয়ে পড়েছে। মরক্কোর সাথে ড্র করা সত্ত্বেও ব্রাজিল জাতীয় দল ফিফা র‍্যাংকিংয়ে উপরে উঠেছে। অন্যদিকে, মরক্কো র‍্যাংকিংয়ে পর্তুগালকে পেছনে ফেলে বর্তমানে ষষ্ঠ স্থানে রয়েছে। পর্তুগাল সপ্তম স্থানে রয়েছে। এছাড়া র‍্যাংকিংয়ে বাকি স্থানগুলো নেদারল্যান্ডস, জার্মানি এবং বেলজিয়ামের দখলে। পর্তুগিজ দলটি ১২.৭৬ পয়েন্ট হারিয়েছে। র‍্যাংকিংয়ে আরেকটি পরিবর্তন হলো ফ্রান্সের দ্বিতীয় স্থানে উঠে আসা যারা কেপ ভার্দের কাছে হোঁচট খাওয়া স্পেনকে পেছনে ফেলেছে।ব্রাজিল শুক্রবার মার্কিন যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়ায় হাইতির মুখোমুখি হবে। তাদের প্রতিপক্ষ বিশ্বকাপে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে সর্বনিম্ন র‍্যাংকিংয়ে দল যারা মাত্র ৮৫তম স্থানে রয়েছে।

## পাকিস্তান ম্যাচের দিকে তাকিয়ে বাংলাদেশ

ক্রীড়া ডেস্ক

অস্ট্রেলিয়ার কাছে বিধ্বস্ত হয়েছে বাংলাদেশের মেয়েরা। আগে ব্যাটিং করে নিগার সুলতানা জ্যোতির দল করতে পেরেছে মাত্র ৭৭ রান। সেই রান অস্ট্রেলিয়ার মেয়েরা টপকে যায় ৯.৩ ওভারেই। বাজেভাবে হারের পর বাংলাদেশের এখন লক্ষ্য পরের ম্যাচে পাকিস্তানের বিপক্ষে ঘুরে দাঁড়ানো। নেদারল্যান্ডসকে হারিয়ে বিশ্বকাপ শুরু করেছিল বাংলাদেশ। কিন্তু অস্ট্রেলিয়ার বিপক্ষে হেরে সেই মোমেন্টাম হারিয়েছে তারা। এখন আগামী শনিবার পাকিস্তানের বিপক্ষে ম্যাচের দিকেই তাকিয়ে অধিনায়ক নিগার সুলতানা জ্যোতি। অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ হেরে অধিনায়ক জ্যোতি বলেন, ‘প্রথমত, আমরা টুর্নামেন্টটা ভালোভাবেই শুরু করেছিলাম। প্রথম জয়টি আমাদের মোমেন্টাম এনে দিয়েছিল, কিন্তু আমরা সেটাকে ধরে রাখতে পারিনি। এখন আমাদের পরের ম্যাচ পাকিস্তানের বিপক্ষে। আমরা সত্যিই আশা করছি সেখানে ঘুরে দাঁড়াতে পারব। আমি বিশ্বাস করি, দল হিসেবে আমাদের সেই সামর্থ্য আছে। তাই আমরা সামনে তাকিয়ে আছি এবং পরবর্তী ম্যাচের অপেক্ষায় রয়েছি।’

# মেসিকে কার্ড না দেয়ায় ক্ষোভে ফুঁসছেন দক্ষিণ আফ্রিকার কোচ

ক্রীড়া ডেস্ক

বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচে আলজেরিয়ার বিপক্ষে ৩-০ গোলের বড় জয়ে টুর্নামেন্ট শুরু করে আর্জেন্টিনা। আর্জেন্টিনার এই জয়ের বড় ভূমিকা রেখেছিলেন মেসি। যার পা থেকেই আসে তিনটি গোল। ম্যাচে তার দুর্দান্ত পারফরম্যান্সে মুগ্ধ সবাই। কিন্তু ম্যাচের এক পর্যায়ে মেসির করা একটি ফাউল নিয়ে সমালোচনা করছেন অনেকে। এবার সেই তালিকায় যোগ দিলেন দক্ষিণ আফ্রিকার বর্তমান কোচ হুগো ব্রোস। তার মতে সেই ফাউলটা নিয়ে অন্তত ভিএআর এ দেখা উচিত ছিল।



দক্ষিণ আফ্রিকার ফুটবলার থেম্বা জোয়ানে বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচে মেক্সিকোর বিপক্ষে লাল কার্ড পান। পরবর্তী ফিফার শৃঙ্খলাজনিত কমিটি তাকে তিন ম্যাচের নিষেধাজ্ঞা দেয়। হুগো ব্রোস দুটো ঘটনাকে সামনে টেনে এনে বলেন, ‘থেম্বার লাল কার্ডটি ছিল অতিরিক্ত। আমার কাছে অতটা মনে হয়নি যখন আমি দেখি মেসিকে আলজেরিয়ার বিপক্ষে ফাউলে কোন কার্ড দেওয়া হয় না। আমি একেবারেই একমত নই। মেসির ফাউলটাতে এমনকি ভিএআর-এ একবারও চেক করা হয়নি।’

মেসির ফাউলটি ভিএআরে চেক করার কথা বললেও মেসিকে লাল কার্ড দেওয়া হোক এমনটাও চাননি এই বেলজিয়ান কোচ। হুগো ব্রোস আরো যোগ করেন, ‘আমি চাই না তাকে লাল কার্ড দেওয়া হোক কারণ মাঠে তার মত কিংবদন্তী খেলোয়াড়ের থাকা দরকার আছে কিন্তু দুটোর মধ্যে পার্থক্য কি? আমার কাছে খুব হতাশাজনক মনে হয়েছে যখন থেম্বাকে তিন ম্যাচের নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।’

দক্ষিণ আফ্রিকার সামনে দ্বিতীয় ম্যাচে ইউরোপের দেশ চেক প্রজাতন্ত্র। যারা প্রথম ম্যাচে দক্ষিণ কোরিয়ার বিপক্ষে ১-১ ব্যবধানে ড্র করেছিল। এই কোচ ম্যাচ সম্পর্কে বলেন, ‘আমাদের অবস্থান পরিষ্কার। আমরা যদি আজকে জিততে না পারি তাহলে কোরিয়ার বিপক্ষে আমাদের হাতে কোন অপশন থাকবে না। আমাদের এমন পরিস্থিতি থেকে সরে আসতে হবে। আমরা জানি প্রথম ম্যাচে আমরা কিছু ভুল করেছি। আমি খেলোয়াড়দেরকে সেজন্য সমালোচনা করবো না। মাঝেমাঝে কোচ হিসেবে আপনাকে মিথ্যে বলতে হয়। আমি জানি কি খারাপ হয়েছিল।’

# অবশেষে বিয়ের কথা স্বীকার করলেন ‘স্পাইডার-ম্যান’

ক্রীড়া ডেস্ক



টম হল্যান্ড ও জেনডায়ার প্রেম, বাগ্?দান এবং গোপন বিয়ের গুঞ্জন নিয়ে এক বছর ধরে ভক্তদের মধ্যে জল্পনার শেষ ছিল না। এবার সেই জল্পনায় যেন সিলমোহর দিলেন হল্যান্ড নিজেই। ব্রিটিশ সাময়িকী এস্কায়ার ইউকেতে দেওয়া এক সাক্ষাৎকারে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দিয়ে তৈরি তাঁদের কথিত বিয়ের ছবির প্রসঙ্গে কথা বলতে গিয়ে হল্যান্ড এমন একটি মন্তব্য করেন, যা কার্যত তাঁদের বিয়ের বিষয়টি নিশ্চিত করেছে বলে মনে করছেন ভক্তরা। সাক্ষাৎকারে তাঁকে জিজ্ঞাসা করা হয়, এআইনির্মিত বিয়ের ছবি ছড়িয়ে পড়ার পর পরিবারের সদস্যদের কাউকে কি বোঝাতে হয়েছিল যে তাঁদের বিয়েতে আমন্ত্রণ না পাওয়ার বিষয়টি সত্য নয়? জবাবে হল্যান্ড বলেন, ‘আমার দাদিকে বোঝাতে হয়েছিল। কিন্তু পরিবারের অন্য কাউকে নয়। কারণ, তারা সবাই সেখানে ছিল।’ এরপরই হল্যান্ড যোগ করেন, ‘এ বিষয়ে আর কিছুই বলব না।’ এই একটি বাক্যই সামাজিক যোগাযোগমাধ্যমে ঝড় তুলেছে। কারণ, এর আগে টম-জেনডায়া কেউই প্রকাশ্যে বিয়ের বিষয়টি স্বীকার করেননি।

২০২৫ সালের জানুয়ারিতে গোল্ডেন গ্লোবস অনুষ্ঠানে জেনডায়ার হাতে হীরার আংটি দেখে প্রথম তাঁদের বাগ্‌দানের খবর প্রকাশ্যে আসে। এরপর চলতি বছরের মার্চে জেনডায়ার দীর্ঘদিনের স্টাইলিস্ট ল’ রোচ দাবি করেন, ‘বিয়েটা হয়ে গেছে, তোমরা মিস করেছ।’

## কেন রোনালদোকে বদলি করেননি কোচ

ক্রীড়া ডেস্ক

মাঠে ছিলেন ৯০ মিনিট। বলে স্পর্শ মাত্র ২৬ বার। তিনটি শট নিয়েছেন, প্রতিটিই লক্ষ্যহীন। দলও ১-১ সমতায় হতাশা নিয়ে মাঠ ছেড়েছে। বিশ্বকাপে কাল ডিআর কঙ্গোর বিপক্ষে ক্রিস্টিয়ানো রোনালদোর দিনটা বাজে-ই কেটেছে। ষষ্ঠ বিশ্বকাপ খেলতে নামা রোনালদোর ফিটনেস নিয়ে প্রশ্ন না থাকলেও তাঁর খেলায় আগের ধার আছে কি না, এমন প্রশ্ন ছিল বিশ্বকাপের আগে থেকেই। টুর্নামেন্টের প্রথম ম্যাচের পর সেই প্রশ্ন আরও জোরালোই হয়েছে।

অনেকেরই প্রশ্ন, যে খেলোয়াড় ম্যাচের শুরু থেকে নিজের ছায়া হয়ে ছিলেন, তাঁকে দ্বিতীয়ার্ধে কেন বদলি করলেন না পর্তুগাল কোচ রবার্তো মার্তিনেজ? ম্যাচ শেষে এক সাংবাদিক এমন প্রশ্ন করেছেনও তাঁকে।

# হালান্ডের গোলে নরওয়েতে ভূমিকম্প

ক্রীড়া ডেস্ক



বিশ্বকাপের মঞ্চে একটি গোল মানে আনন্দ, আর দুটি গোল মানে তো উন্মাদনা। কিন্তু সেই উন্মাদনা যদি সত্যিই মাটি কাঁপিয়ে দেয়? নরওয়েজিয়ানরা ঠিক সেটাই দেখলো। আরলিং হালান্ডের জোড়া গোলে শুধু ইরাকই বিধ্বস্ত হয়নি, কেঁপে উঠেছে নরওয়ের মাটিও! ২৮ বছর পর বিশ্বকাপে ফিরে আসা নরওয়ে গ্রুপ ‘আই’-এর ম্যাচে ইরাককে ৪-১ গোলে হারিয়েছে। ম্যাচে জোড়া গোল করেন নরওয়ের তারকা স্ট্রাইকার আরলিং হালান্ড। তবে ম্যাচ শেষে আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিল এক অবিশ্বাস্য ঘটনা। হালান্ডের গোলের পর নরওয়ের বার্গেন শহরে ভূকম্পন মাপার যন্ত্রে স্পষ্ট কম্পন ধরা পড়েছে। নরওয়ের ভূকম্পন গবেষণা প্রতিষ্ঠান নরসার জানিয়েছে, হালান্ডের দুটি গোলের মুহূর্তেই সবচেয়ে বড় কম্পন রেকর্ড করা হয়েছে। মধ্যরাতে হাজার হাজার সমর্থক একসঙ্গে লাফিয়ে ওঠা, চিৎকার করা এবং উল্লাসে ফেটে পড়ার কারণেই এই কম্পন সৃষ্টি হয়েছে। যদিও এটি প্রকৃত ভূমিকম্প নয়, তবে এতটাই শক্তিশালী ছিল যে সংবেদনশীল সিসমোগ্রাফ তা শনাক্ত করতে পেরেছে। বস্টনে অনুষ্ঠিত ম্যাচে ২৯তম মিনিটে বিশ্বকাপে নিজের প্রথম গোল করেন হালান্ড। এরপর বিরতির আগেই আরও একটি গোল যোগ করেন তিনি। নরওয়ের হয়ে পরে গোল করেন লিও ওস্টিগার্ড, আর একটি আত্মঘাতী গোল আসে ইরাকের কাছ থেকে। ফলে ৪-১ ব্যবধানে জয় নিয়ে বিশ্বকাপ অভিযান শুরু করে স্ক্যান্ডিনেভিয়ান দেশটি।

এই জয় শুধু তিন পয়েন্টের নয়, এটি নরওয়ের দীর্ঘ অপেক্ষারও অবসান। ১৯৯৮ সালের পর প্রথমবার বিশ্বকাপ খেলতে নেমে হালান্ড যেন পুরো জাতির স্বপ্নকে এক রাতে বিস্ফোরিত করে তুললেন। সেই আনন্দ এতটাই প্রবল ছিল যে বিজ্ঞানীরাও মজা করে বলছেন, ‘নরওয়ে ভূমিকম্প ঘটায়নি, কিন্তু সমর্থকদের উল্লাসে সিসমিক যন্ত্রগুলো একটু বেশি কেঁপেছে!’ বিশ্বকাপে নিজের প্রথম ম্যাচেই হালান্ড বুঝিয়ে দিলেন কেন তাকে গোলমেশিন বলা হয়। আর নরওয়ের সমর্থকেরা দেখিয়ে দিলেন, ফুটবল কখনও কখনও সত্যিই মাটি কাঁপিয়ে দিতে পারে।

# বি নো দ ন



# মেয়ের ভবিষ্যৎ নিয়ে যা বললেন আলিয়া ভাট

আমার বার্তা বিনোদন

মেয়ে রাহা কাপুরকে নিয়ে নিজের পর্যবেক্ষণ ও অনুভূতির কথা জানালেন বলিউড অভিনেত্রী আলিয়া ভাট। এক সাম্প্রতিক সাক্ষাৎকারে তিনি জানান, খুব অল্প বয়স হলেও ইতোমধ্যেই কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্য স্পষ্ট হয়ে উঠছে রাহার মধ্যে। আত্মবিশ্বাস, নেতৃত্ব দেওয়ার প্রবণতা এবং নতুন কিছু শেখার আগ্রহ উল্লেখযোগ্য ভাবে দেখা যাচ্ছে তার মধ্যে। আলিয়ার ভাষ্য, নানা রকমের কর্মকাণ্ডে সমান উৎসাহ দেখায় রাহা। নাচ, গান কিংবা খেলাধুলা, সব ক্ষেত্রেই সে কৌতূহলী এবং অংশ নিতে আগ্রহী। নতুন কোনো বিষয় দেখলে দ্রুত তা শিখে নেওয়ার ক্ষমতাও রয়েছে তার। বিশেষ করে গান শুনে তাল মিলিয়ে নাচা এবং নতুন নৃত্যভঙ্গি অনুকরণ করার অভ্যাস ছোটবেলা থেকেই দেখা যাচ্ছে রাহার মধ্যে।

অভিনেত্রী মনে করেন, এসব বৈশিষ্ট্য ভবিষ্যতে মঞ্চনির্ভর কোনো সৃজনশীল জগতের দিকে আকৃষ্ট করতে পারে তাকে। তবে তিনি এটাও পরিষ্কার করেছেন যে, এখনই মেয়ের ভবিষ্যৎ নিয়ে কোনো নির্দিষ্ট সিদ্ধান্তে পৌঁছানোর সময় আসেনি। শুধু সাংস্কৃতিক কর্মকাণ্ড নয়, খেলাধুলার প্রতিও রাহার আগ্রহ রয়েছে বলে জানিয়েছেন আলিয়া। তার মতে, রাহার মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব, শারীরিকভাবে সক্রিয় থাকার প্রবণতা এবং নতুন চ্যালেঞ্জ গ্রহণের মানসিকতা রয়েছে। এ কারণেই তিনি অতীতে একাধিকবার ইচ্ছা প্রকাশ করেছিলেন যে, বড় হয়ে চাইলে একজন ক্রীড়াবিদও হতে পারেন রাহা।

তবে একজন মা হিসেবে সন্তানের ওপর নিজের পছন্দ চাপিয়ে দিতে চান না আলিয়া। বরং তিনি চান, রাহা বড় হয়ে নিজের আগ্রহ, স্বপ্ন এবং সক্ষমতার ভিত্তিতে নিজের পথ বেছে নিক নিজেই। মাতৃত্ব যে তার ব্যক্তিগত জীবনেও বড় পরিবর্তন এনেছে, সেটিও তুলে ধরেছেন অভিনেত্রী। তার মতে, মা হওয়ার পর কাজ ও ব্যক্তিগত জীবনের মধ্যে ভারসাম্য রক্ষার গুরুত্ব আরও বেশি উপলব্ধি করেছেন তিনি।

## সেরা পরিবার প্রতিযোগিতার গ্র্যাণ্ড ফিনালেতে গাইবেন রাশেদ

অভি মঈনুদ্দীন

আজ সন্ধ্যায় রাজধানীর মহাখালী ডিওএইচএস-এর একটি ভবনে ফার্মাসিউটিক্যাল এক্সিকিউটিভ ক্লাব লিমিটেডের রজত জয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত ‘সেরা পরিবার প্রতিযোগিতা’র গ্র্যাণ্ড ফিনালে ও পুরস্কার বিতরনী অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করবেন এই প্রজন্মের শ্রোতাপ্রিয় সঙ্গীতশিল্পী রাশেদ। রাশেদ বলেন, ‘একই ক্লাবে এর আগে শ্রদ্ধেয় ইফতেখারুল ইসলাম টিটন ভাইয়ের নিমন্ত্রণে সঙ্গীত পরিবেশন করেছিলাম। এছাড়াও টিটন ভাইয়ের আয়োজনে আরো বহু অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করার সুযোগ হয়েছে আমার। এই শ্রদ্ধাভাজন মানষুটি আমাকে ভীষণ স্নেহ করেন, আমার কন্ঠের গান তার ভীষণ ভালোলাগে। যে কারণে তিনি আমাকে বারবার গাইবারও সুযোগ করে দেন। আমি তার কাছে কৃতজ্ঞ। আজকের আয়োজনটি আমার জন্য অনেক ভালোলাগার কারণ আজ আমি একাই গান গাইবো এবং নিজের ও উপস্থিত সম্মানীত অতিথিদের অনুরোধেই গান গাইবো। যে কারণে আশা করছি আজকের আয়োজনটি অনেক উপভোগ্য হবে। ধন্যবাদ টিটন ভাইকে।’ এদিকে গত ১২ জুন বাংলাদেশের সঙ্গীতের দিকপাল সৈয়দ আব্দুল হাদীকে নিয়ে শিল্পকলায় অনুষ্ঠিত বিশেষ অনুষ্ঠানেও গান গাইবার সুযোগ হয়েছিলো রাশেদের। রাশেদের কন্ঠে আব্দুল হাদীর গাওয়া ‘যেওনা সাথী চলেছো একেলা কোথায়’ গানটি উপস্থিত মিলনায়তন ভর্তি দর্শককে ভীষণ মুগ্ধ করে। এদিকে রাশেদ আপাতত তার নতুন কিছু মৌলিক গানের কাজ নিয়ে বেশ ব্যস্ত সময় পার করছেন। চলতি বছরেই তিনি বেশ কয়েকটি নতুন মৌলিক গান শ্রোতাদের উপহার দিতে যাচ্ছেন। চট্টগ্রামের ছেলে রাশেদ ২০০৩ সালে ‘স্টার সার্চ বেনসন অ্যাণ্ড হেজেস’ প্রতিযোগিতায় বেস্ট ভোকাল হিসেবে জয়লাভ করেছিলেন। ‘বড় সংকটে পড়িয়া দয়াল’ এই লালনগীতি এবং শামীমের লেখা ও সাব্বিরের সুর করা ‘এই চাঁদ’ মৌলিক গান গেয়ে তিনি বেস্ট ভোকাল হয়েছিলেন।



# কুমির দেখলে আমি নিজেই ঝাঁপ দিই: পরীমণি

আমার বার্তা বিনোদন

স্পষ্টভাষী অভিনেত্রী। সমালোচকদের কথা গায়ে না মেখে সবসময় নিজের ইচ্ছে মতোই ছুটে চলেন তিনি। ভালোবেসে আপন করে নিতে পারেন মানুষকে, বলছি ঢাকাই চলচ্চিত্রের বর্তমান সময়ের অন্যতম গ্ল্যামার নায়িকা পরীমণির কথা। রিল লাইফ থেকে রিয়েল লাইফড়্দুই জায়গাতেই তাকে নিয়ে নানা সমালোচনা থাকলেও সবকিছুকে পেছনে ফেলে একজন সংগ্রামী নারী ও মমতাময়ী মা হিসেবেই এখন দর্শকদের মনে জায়গা করে নিয়েছেন তিনি। অভিনয়ের পাশাপাশি ছবি প্রযোজনার সঙ্গেও হত্যে চেয়েছিলেন এই নায়িকা। এজন্য‘সোনার তরি মাল্টিমিডিয়া’ নামে প্রযোজনা প্রতিষ্ঠানও খুলে ফেলেছিলেন। জমাকালো আয়োজনের সেই প্রতিষ্ঠান থেকে ‘ক্ষত’ শিরোনামের চলচ্চিত্র নির্মাণের ঘোষণাও দিয়েছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তা আর শুটিং ফ্লোর পর্যন্ত গড়ায়নি।

সম্প্রতি বিশেষ আয়োজন ‘এপি স্টার’-এ অতিথি হয়ে এসেছিলেন পরীমণি। যেখানে তিনি তার সেই প্রতিষ্ঠান থেকে সিনেমা নির্মাণের না করার বিষয়ে খোলামেলা কথা বলেন। পরীমণি বলেন, অনেক বড় ধাক্কা খেলে ছিলাম। সিনেমা নির্মাণের আগেই আমার অনেক টাকা লগ্নি হয়েছিল। খাল কেটে কুমির আনবো কী কুমির দেখলে আমি নিজেই ঝাঁপ দিই। ছবির যে নির্মাতা ছিলেন তার হতাশার ব্যাপারগুলো আমি নিতে পারিনি।



# খারাপ সঙ্গীর চেয়ে একা থাকাই ভালো : শবনম ফারিয়া

আমার বার্তা বিনোদন



অভিনেত্রী শবনম ফারিয়া অভিনয়ের পাশাপাশি বিভিন্ন সামাজিক ও সমসাময়িক বিষয়ে নিজের মতামত প্রকাশ করে থাকেন। সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশন চ্যানেলের অনুষ্ঠানে অংশ নিয়ে সম্পর্ক ও ব্যক্তিগত জীবন নিয়ে খোলামেলা কথা বলেছেন তিনি। অনুষ্ঠানে আলাপকালে শবনম ফারিয়া মন্তব্য করেন, খারাপ সঙ্গীর সঙ্গে থাকার চেয়ে একা থাকাই ভালো। বিশেষ করে অভিনয়শিল্পীদের জন্য মানসিক শান্তি ও ব্যক্তিগত জীবনের স্থিতিশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও উল্লেখ করেন তিনি। বনম ফারিয়া বলছেন, ‘পার্টনার যদি ভালো না হয়, তার চেয়ে পার্টনার না থাকা বেটার। একজন মেয়ের জন্য খারাপ পার্টনার হ্যান্ডেল করা মানসিকভাবে ও প্রফেশনালি অত্যন্ত স্ট্রেসফুল। বিশেষ করে অভিনয় পেশায় যেখানে অন্য চরিত্রে নিজেকে ফুটিয়ে তুলতে হয়, যেখানে চারপাশের অসংখ্য মানুষকে সামলাতে হয় এবং সবাই একনামে চেনে, সেখানে ব্যক্তিগত জীবন ঠিক থাকা জরুরি।’ ‘দেবী’ খ্যাত অভিনেত্রী বললেন, ‘একজন মানুষ যখন নিজে ডিপ্রেসড থাকে, তখন যদি তার ঘরেও কোনো শান্তি না থাকে, তবে জীবনটা এতটাই দুর্বিষহ হয়ে ওঠে যে সেটা আর বেশিদিন টেনে নেওয়া সম্ভব হয় না।’



# কিছুই পারতেন না ক্যাটরিনা

আমার বার্তা বিনোদন

বলিউডের জনপ্রিয় অভিনেত্রী ক্যাটরিনা কাইফকে ক্যারিয়ারের শুরুর দিকে পরিচালনা করা সহজ ছিল না বলে জানিয়েছেন তেলুগু চলচ্চিত্র মল্লিশ্বরীর পরিচালক কে. বিজয়া ভাস্কর। তার ভাষ্য, অভিনয়ে অনভিজ্ঞ হওয়ায় ক্যাটরিনাকে অনেক কিছু হাতে-কলমে শেখাতে হয়েছিল।

সম্প্রতি এক সাক্ষাৎকারে বিজয়া ভাস্কর উল্লেখ করেন, ক্যাটরিনার সঙ্গে কাজ করা শুরুতে বেশ চ্যালেঞ্জিং ছিল। সে সময় অভিনয়ে তার অভিজ্ঞতা কম ছিল এবং ক্যামেরার সামনে শরীরী ভাষা নিয়েও তাকে নির্দেশনা দিতে হয়েছে। বিশেষ করে সংলাপ উপস্থাপন, অভিব্যক্তি প্রকাশ এবং দৃশ্যের আবেগ বোঝার ক্ষেত্রে বাড়তি সময় ও শ্রম দিতে হয়েছিল।

তবে ক্যাটরিনার শেখার আগ্রহ ও পরিশ্রমেরও প্রশংসা করেছেন এই নির্মাতা। তিনি বলেছেন, ক্যাটরিনা অত্যন্ত মনোযোগ দিয়ে কাজ শিখতেন এবং নিজের ভুল দ্রুত সংশোধনের চেষ্টা করতেন। তার মতে, এই মানসিকতাই পরবর্তীতে তাকে বড় তারকায় পরিণত হতে সহায়তা করেছে।

২০০৪ সালে মুক্তি পাওয়া মল্লিশ্বরী ছবির মাধ্যমে তেলুগু চলচ্চিত্রে অভিষেক হয় ক্যাটরিনা কাইফের। ছবিতে তিনি নাম ভূমিকায় অভিনয় করেন এবং তার বিপরীতে ছিলেন অভিনেতা ভেঙ্কটেশ। সে সময় তিনি ছিলেন নতুন মুখ এবং দক্ষিণী চলচ্চিত্রে কাজের অভিজ্ঞতাও ছিল সীমিত। বর্তমানে ক্যাটরিনা কাইফ বলিউডের অন্যতম সফল অভিনেত্রী। অভিনয়, নাচ ও অ্যাকশনধর্মী চরিত্রে দক্ষতার মাধ্যমে তিনি নিজস্ব অবস্থান তৈরি করেছেন। তবে ক্যারিয়ারের শুরুটা সহজ ছিল না। এর আগে বিভিন্ন সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন, অভিনয় ও নাচ নিয়ে শুরুর দিকে তাকে নানা সমালোচনার মুখোমুখি হতে হয়েছিল।